সফরে দ্রুত চলার সময় আল্লাহর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুহর ও ‘আসরের সালাত একত্রে আদায় করতেন আর মাগরিব ‘ইশা একত্রে আদায় করতেন।

ইব্ন ‘আব্বাস রাদয়িাল্লাহু আনহুমা হতে বর্ণিত, তিনি বলেন, সফরে দ্রুত চলার সময়
আল্লাহর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুহর ও ‘আসরের সালাত একত্রে
আদায় করতেন আর মাগরিব ‘ইশা একত্রে আদায় করতেন। [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

আমাদের নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের শরী‘আত বান্দাদের প্রতি সহজকরণ, দয়া করা এবং তাদের থেকে সব ধরনের কষ্ট ও সংকীর্ণতা দূরা করার ক্ষেত্রে অন্যান্য আসমানী শরী‘আত থেকে আলাদা। আর এ ধররেন সহজী করণের একটি হলো, সফর অবস্থায় ওয়াক্তের মধ্যে শরীক এমন দুই সালাতকে একত্র করা। মুলত: ওয়াজিব হলো প্রতিটি সালাত তার ওয়াক্তের মধ্যে আদায় করা। তবে রাসূলের অভ্যাস ছিল যখন তিনি সফর করতেন এবং তার সফরে ভ্রমণ করা কষ্টকর হতো তখন তিনি যুহর ও আসরের সালাত একত্রে আদায় করতেন। হয়তো আগে আদায় করতেন না হয় দেরীতে করতেন। এবং মাগরিব ও এশা জমা করতেন হয়তো আগে বা পরে। এ দ্বারা তিনি নিজের সাথে এবং তার সাথে আরও যারা মুসাফির ছিল তাদের সাথে সহজ পদ্ধতির প্রতি লক্ষ্য রাখতেন। ফলে তার সফরটি যে কোন একটি সালাতের ওয়াক্তের মধ্যে দুই সালাতকে একত্র করার কারণ হিসেবে বিবেচিত হলো। কারণ, দুই সালাতের ওয়াক্ত এক ওয়াক্ত হয়ে গেল। এ ছাড়াও সফরে উঠা নামা করা কষ্টকর। অধিকন্তু সফরে সহজ করার জন্যেই দুই সালাতকে একত্রে আদায় করার অনুমতি প্রদান করা হয়েছে।

https://sunnah.global/hadeeth/bn/show/5323